# ♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ - ২০১৮ ( ১ম ধাপ )

**Total questions : 80 Total marks : 80**

---

1) Choose the correct sentence -

1) The rich is not always happy.
2) Rich is not always happy.
3) The rich is not happy always.
✔ 4) The rich are not always happy.

**ব্যাখ্যা :** Adjective এর Positive Degree এর আগে the যোগ হয়ে Subject বা Object হিসেবে ব্যবহৃত হলে, তা Plural Common Noun এ পরিণত হয়।
The rich বলতে একটা নির্দিষ্ট community কে বোঝানো হয়েছে।
তাই বাক্যের গঠন অনুযায়ী ‘The rich are not always happy’ বাক্যটি সঠিক।

2) Choose the correct indirect speech: She asked me, ‘’Are you happy in your new job?’’

✔ 1) She asked me if I was happy in my new job
2) she asked me if I have been happy in my new job
3) she asked me if I had been happy in my new job
4) she asked me whether I am happy in my new job

**ব্যাখ্যা :** Interrogative sentence এর Reported speech যদি Auxiliary verb-- do, does,did,shall,will,am,is,are,was,were,can,may ইত্যাদি দ্বারা আরম্ভ হয়,তবে reported speech এর আগে that না বসিয়ে if/whether বসাতে হয় এবং sentence টি Assertive sentence এ রূপান্তরিত হয়।

3) লোকসাহিত্য কাকে বলে?

1) গ্রামীণ নরনারীর প্রণয়সংবলিত উপাখ্যানকে।

2) লোক সাধারণের কল্যাণে দেবতার স্তুতিমূলক রচনাকে।

✔ 3) লোকের মুখে মুখে প্রচলিত কাহিনী, গান, ছড়া ইত্যাদিকে।

4) গ্রামের অশিক্ষিত ও অখ্যাত লোকের সৃষ্ট রচনাকে।

Hello BCS

**ব্যাখ্যা :** লোকের মুখে মুখে প্রচলিত কাহিনী, গা, , ছড়া ইত্যাদিকে বলা লোকসাহিত্য। লোকসাহিত্যের প্রাচীনতম নির্দশন হলো - ছড়া / প্রবচন ও ধাঁধা। লোকসাহিত্যের উপাদান মূলত গ্রামীণ এলাকার অখ্যাত সাহিত্যিকদের রচনা।

4) The passive form of the sentence “some children were helping the wounded man” –

1) The wounded man was helped by some children

2) The wounded man was helping some children

✔ 3) The wounded man was being helped by some children

4) The wounded man was to be helped by some children

**ব্যাখ্যা :** Active: Subject + am/is/are/was/were + V1 + Object.
Passive: Object টি Subject হয় + am/is/are/was/were + being + V3 + Object টি Subject হয় ।

5) সংবিধান" শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?

1) সং +অবিধান
2) সম +ধান
✔ 3) সম্ + বিধান
4) সং+ বিধান

Hello BCS

**ব্যাখ্যা :**

সংবিধান শব্দটি ব্যঞ্জনসন্ধির অন্তর্গত। ব্যঞ্জন সন্ধির নিয়ম অনুসারে, ম্ এরপর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ
ম্ - স্থলে অনুস্বার (◌ং) হয়। যেমন -

| সন্ধি বিচ্ছেদ | শব্দ |
|---|---|
| সম্ + বিধান | সংবিধান |
| সম্ + সার | সংসার |
| সম্ + যম | সংযম |

6) কোন বাক্যে ভাববাচ্যে কর্তার উদাহরণ দেওয়া হয়েছে ?

1) ছুটি হলে ঘন্টা বাজে
2) তাকে গ্রামে যেতে হবে
✔ 3) আমার যাওয়া হবেনা
4) সে গ্রামে যাবে

**ব্যাখ্যা :** যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। ভাববাচ্যের ক্রিয়া সর্বদাই নাম পুরুষের হয়।

Hello BCS

7) শ্বশ্রু' এর অর্থ কি ?

1) শশুর
2) দাড়ি-গোঁফ
3) অশ্রু
✔ 4) শাশুড়ি

**ব্যাখ্যা :** শ্বশ্রু অর্থ শাশুড়ি। শ্মশ্রু অর্থ দাড়ি গোঁফ।

8) বাড়ি থেকে নদী দেখা যায়- কোন কারকে কোন বিভক্তি ?

1) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
✔ 2) অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি
3) অপাদান কারকে পঞ্চমী বিভক্তি
4) অধিকরণ কারকে তৃতীয়া বিভক্তি

**ব্যাখ্যা :** ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। অর্থাৎ যে স্থান বা যে বিষয়টি আশ্রয় করে ক্রিয়া সম্পন্ন হয়, সে বিষয়, সময় বা স্থানকে বলা হয় অধিকরণ কারক। যেমন : বাড়ি থেকে নদী দেখা যায় এ বাক্যে রেখা চিহ্নিত অংশটি অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি।

9) নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ ?

1) সাদৃশ্য অর্থে
2) ব্যাঙ্গার্থে
✔ 3) ক্ষুদ্রার্থে
4) ক্ষুদ্রার্থে

**ব্যাখ্যা :** নাটক থেকে নাটিকা ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ। আরো কয়েকটি ক্ষুদ্রার্থে স্ত্রীবাচক শব্দ : মালা - মালিকা, গীত - গীতিকা, পুস্তক - পুস্তিকা।

10) চাষাভুষার কাব্য কার সাহিত্যকর্ম ?

1) জীবনানন্দ দাশ
2) বেগম সুফিয়া কামাল
3) কাজী নজরুল ইসলাম
✔ 4) নির্মলেন্দু গুণ

**ব্যাখ্যা :** কবি নির্মলেন্দু গুনের একটি উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ 'চাষাভুষার কাব্য,' যা ১৯৮১ সালে প্রকাশিত হয়। নির্মলেন্দু প্রকাশ গুণ চৌধুরী[১] (জন্ম ২১ জুন ১৯৪৫, ৭ আষাঢ় ১৩৫২ বঙ্গাব্দ), যিনি নির্মলেন্দু গুণ নামে ব্যাপক পরিচিত, একজন বাংলাদেশী কবি। কবিতার পাশাপাশি তিনি গদ্য এবং ভ্রমণকাহিনী লিখেছেন ও ছবি এঁকেছেন। তার কবিতায় মূলত নারীপ্রেম, শ্রেণি-সংগ্রাম এবং স্বৈরাচার বিরোধিতা, এ-বিষয়সমূহ প্রকাশ পেয়েছে। ১৯৭০ সালে প্রথম কাব্যগ্রন্থ প্রেমাংশুর রক্ত চাই প্রকাশিত হবার পর জনপ্রিয়তা অর্জন করে। এ-গ্রন্থের অন্তর্ভূত ঐতিহাসিক প্রেক্ষাপটে লেখা হুলিয়া কবিতাটি ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে এবং পরবর্তীতে এর উপর ভিত্তি করে তানভীর মোকাম্মেল একটি পরীক্ষামূলক চলচ্চিত্র নির্মাণ করেছিলেন। এছাড়াও তার স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো কবিতাটি বাংলাদেশের মাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তকে পাঠ্য।
তাকে ১৯৮২ সালে বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার, ২০০১ সালে একুশে পদক এবং ২০১৬ সালে স্বাধীনতা পুরস্কার দেয়া হয়।

11) Subconscious শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হলো-

✔ 1) অবচেতন
2) চেতনাহীন
3) চেতনাপ্রবাহ
4) অর্ধচেতন

**ব্যাখ্যা :** Subconscious শব্দটির বাংলা পারিভাষিক শব্দ অবচেতন বা যেসব মানসিক ক্রিয়া - কলাপ সম্বন্ধে মানুষ (পুরোপুরি) সচেতন থাকে না। চেতনাহীন শব্দটির ইংরেজি unconscious.

12) শুদ্ধ বানান কোনটি?

✔ 1) ভবিষৎ
2) দীর্ঘজীবি

Hello BCS

3) সমীচিন
4) আশির্বাদ

**ব্যাখ্যা :** দীর্ঘজীবি - দীর্ঘজীবী
সমীচিন - সমীচীন
আশির্বাদ - আশীর্বাদ

13) "সব ঝিনুকে মুক্তা মেলে না" এই বাক্যে ঝিনুকে শব্দটি কোন কারকে কোন বিভক্তি ? দানে সপ্তমী

1) কর্তায় দ্বিতীয়া
2) কর্মে দ্বিতীয়া
✔ 3) অপাদানে সপ্তমী
4) অধিকরণে সপ্তমী

**ব্যাখ্যা :** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত,বিরত,আরম্ভ,দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে।

14) মন না মতি বাগধারাটির অর্থ কী ?

1) অরাজগ
2) অপদার্থ
3) মূল্যবান
✔ 4) অস্থির মানব মন

**ব্যাখ্যা :** মন না মতি' বাগধারার অর্থ অস্থির মানব মন। আমড়া কাঠের ঢেঁকি ও মগের মুল্লুক বাগধারার অর্থ যথাক্রমে অপদার্থ ও অরাজক দেশ।

15) যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না তাকে বলে-

✔ 1) ক্ষণপ্রভা
2) রোগ
3) ক্ষণস্থায়ী জ্যোতি
4) অনুসূয়া

**ব্যাখ্যা :** ক্ষণদ্যুতি - বিদ্যুৎ, দামিনী, ক্ষণপ্রভা
সূত্রঃ বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান
এই শব্দগুলি দ্বারা বিদ্যুত, বিজলি ইত্যাদি বোঝানো হয়, যার জ্যোতি ক্ষণস্থায়ী

16) যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে বলে -

✔ 1) পুরাঘটিত বর্তমান
2) সাধারণ অতীত
3) নিত্যবৃত অতীত

Hello BCS

4) ঘটমান বর্তমান

**ব্যাখ্যা :** যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে পুরাঘটিত বর্তমান কাল বলে। যেমনঃ বৃষ্টির জন্য পথে কাদা হয়েছে।

17) সর্বাঙ্গে ব্যথা, ওষুধ দিব কোথা -এখানে সর্বাঙ্গে শব্দটি কোন কারকে কোন বিভক্তি ?

1) অধিকরণে দ্বিতীয়া
✔ 2) অধিকরণে সপ্তমী
3) কর্তায় সপ্তমী
4) অপাদানে তৃতীয়া

**ব্যাখ্যা :** "সর্বাঙ্গে ব্যাথা, ওষুধ দিব কোথা" বাক্যে যখন সর্বাঙ্গের কারক নির্নয় করতে বলবে তখন সেটা অধিকরন কারক হবে, আবার যখন ওষুধ এর কারন নির্নয় করতে বলবে তখন সেটা কর্মকারক হবে।

18) সার্বভৌম' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি ?

1) সার্ব+ভৌম
✔ 2) সর্বভূমি+ ষ্ঞ
3) সার্বভৌ+ ম
4) ষ্ঞ+ সর্বভূমি

**ব্যাখ্যা :** সার্বভৌম শব্দটি তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দ। এর সঠিক প্রকৃতি প্রত্যয় সর্বভূমি + ষ্ঞ = সার্বভৌম।

19) কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে

1) মশারি
2) লুঙ্গি
3) চাঁদর
✔ 4) গামছা

**ব্যাখ্যা :** শব্দের মধ্যস্থ স্বরধ্বনি লোপ পেলে তাকে মধ্যস্বরলোপ বলে । নাতিনী>নাতনী, ভগিনি>ভগ্নি, জানালা>জানলা, গামোছা>গামছা, বসতি>বস্তি, কলিকাতা>কলকাতা, ডাকাইত>ডাকাত, সুবর্ণ>স্বর্ণ, তৈয়ারি>তৈরি ইত্যাদি ।

20) শব্দ ও ধাতুর মূলকে বলে-

1) কারক
✔ 2) প্রকৃতি
3) বিভক্তি
4) ধাতু

**ব্যাখ্যা :** শব্দ ও ধাতুর মূলকে বলে প্রকৃতি। প্রকৃতি মূলত দুই প্রকার। যথা : নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি।

Hello BCS

21) ব্যষ্টি' এর বিপরীতার্থক শব্দ কোনটি ?

✔ 1) সমষ্টি
2) ভবিষ্যৎ
3) সৃষ্টি
4) বৃদ্ধি

**ব্যাখ্যা :** সৃষ্টি, বৃদ্ধি ও ভবিষ্যৎ শব্দের বিপরীত শব্দ যথাক্রমে ধ্বংস, হ্রাস ও ভূত।

22) এ জগতে হায়, সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি' - চরণদ্বয় রবীন্দ্রনাথের কোন কবিতাংশ -

1) দেবতার গ্রাস
2) পুরাতন ভৃত্য
3) নিস্ফল উপহার
✔ 4) দুই বিঘা জমি

**ব্যাখ্যা :** রবীন্দ্রনাথ ঠাকুরের 'চিত্রা' কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত দুই বিঘা জমি কবিতার একটি বিখ্যাত চরণ এ জগতে হায় সেই বেশি চায় যার আছে ভুরি ভুরি রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

23) বাংলা সাহিত্যে কাকে ছন্দের জাদুকর বলা হয় ?

1) রবীন্দ্রনাথ ঠাকুর
2) প্রমথ চৌধুরী
✔ 3) সত্যেন্দ্রনাথ দত্ত
4) শামসুর রাহমান

**ব্যাখ্যা :** সত্যেন্দ্রনাথ দত্তের উপাধি ছন্দের জাদুকর। অন্যদিকে শামসুর রাহমান ও রবীন্দ্রনাথ ঠাকুরের উপাধি যথাক্রমে নাগরিক কবি, বিশ্বকবি। প্রমথ চৌধুরীর ছদ্মনাম বীরবল।

Hello BCS

24) Which sentence is correct?

1) He is as good as mine
2) He is as good as myself
3) He is good as me
✔ 4) He is as good as I

**ব্যাখ্যা :** Structure: As + adj + as + pronoun এর subjective form

25) Identify the singular number:

✔ 1) Formula
2) data

3) fungi
4) Agenda

ব্যাখ্যা : কিছু কিছু noun এর plural form অনিয়মিতভাবে হয় থাকে। যেমনঃ formula (s) - formulae/formulas (p)
crisis (s) - Crises (p)

26) The correct spelling is ___

1) Humurious
2) Humorious
✔ 3) Humorous
4) Humourius

ব্যাখ্যা : The Correct spelling হচ্ছে Humorous যার অর্থ রসাত্মক।
"Humorous" refers to something that is funny or amusing. It can describe anything that causes laughter, joy, or mirth, whether it be a joke, a situation, a story, a comment, or any other form of communication or behavior. A humorous person or a humorous situation can help to relieve stress, lighten the mood, and bring joy and happiness to those who experience it. Humor can be expressed in many different ways, such as through wordplay, satire, irony, parody, slapstick, and many others.

27) I always take an umbrella __ it means

✔ 1) in case
2) unless
3) incase
4) if

ব্যাখ্যা : শূন্যস্থানে in case বসবে। আকস্মিক কোনো ঘটনা ঘটার সম্ভাবনা থাকলে বাক্যে in case বসে। বাক্যে in case বসিয়ে বাক্যটির বাংলা বৃষ্টি হওয়ার আশঙ্কায় আমি সর্বদা ছাতা রাখি।

28) The boy from the village said, " I __ starve than beg ."

1) would better
2) better
3) rather
✔ 4) would rather

ব্যাখ্যা : শূন্যস্থানে would rather বসবে কেননা would rather + verb + than + verb হয়। would rather বসিয়ে বাক্যটির বাংলা গ্রাম থেকে আসা বালকটি বলল আমি বরং না খেয়ে থাকবো তথাপি ভিক্ষা করবো না।

Hello BCS

29) A reward has been announced for the employees who ----- hard.

1) has worked
2) will be worked
3) have had worked
✔ 4) have worked

ব্যাখ্যা : বাক্যের প্রসঙ্গ অনুযায়ী subordinate clause এর verb এর tense main clause এর verb এর tense কে অনুসরণ করবে অর্থাৎ subordinate clause এর verb টি present perfect tense (have/has+$v_3$) এ হবে।

30) What type of noun the word ' chemistry' is

1) abstract
2) material
✔ 3) proper
4) common

ব্যাখ্যা : chemistry রসায়নবিদ্যা শব্দটি একটি subject এর নাম। আর subject এর নাম proper noun হিসেবে গণ্য।

31) I know where he lives , the sentence is a -----

1) compound sentence
✔ 2) complex sentence
3) negative sentence
4) simple sentence

ব্যাখ্যা : দুটি Clause relative pronoun দ্বারা যুক্ত থাকলে সেই sentence কে complex sentence বলে। সুতরাং where, relative pronoun দ্বারা যুক্ত sentence টি complex sentence।

32) The birds and the bees means -

✔ 1) The basic facts about sex
2) The bird's eye view
3) The birds and bees are good workers
4) The relation between the birds and bees

ব্যাখ্যা : the birds and the bees' phrase টির বাংলা যৌনতা সম্পর্কিত মৌলিক ধারণা যা the basic facts about sex দ্বারা প্রকাশ পায়।

Hello BCS

33) who is the modern philosopher who was awarded novel prize for literature ?

1) James Baker
2) Dr. kissinger
✔ 3) Bertrand
4) Lenin

**ব্যাখ্যা :** Bertrand Russel একধারে একজন ব্রিটিশ দার্শনিক, যুক্তিবিদ, গণিতজ্ঞ ইত্যাদি। তিনি মূলত দার্শনিক হলেও ১৯৫০ সালে সাহিত্যে নোবেলে পুরস্কার লাভ করেন।

34) When I saw the gardener , he ___ tree

1) is cutting down
2) will be cutting down
3) cut down
✔ 4) was cutting down

**ব্যাখ্যা :** When দ্বারা প্রথম clause টি past indefinite tense হলে second clause টী past continuous tense এ হবে। সুতরাং শূন্যস্থানে was cutting down হবে।

35) A rolling stone gathers no moss. what 'rolling' is ?

1) verbal noun
✔ 2) participle
3) adjective
4) Gerund

**ব্যাখ্যা :** verb এর present form –এর সাথে ing যুক্ত হয়ে একই সাথে verb এবং adjective এর সাথে কাজ করলে তাকে participle বলে। বাক্যের rolling শব্দটি একই সাথে verb এবং adjective উভয়ের কাজ সম্পাদন করায় word টি present participle.

36) He was absorbed ___ deep through .

✔ 1) in
2) to
3) on
4) for

**ব্যাখ্যা :** Be absorbed in অর্থ কোন কিছুতে আত্মমগ্ন থাকা।
The correct phrase is "absorbed in", which means to be deeply engaged or engrossed in a particular activity, thought, or situation. When someone is absorbed in something, they are so focused on it that they may not notice

Hello BCS

what is happening around them. It's a state of complete immersion and concentration, where all other distractions and thoughts are set aside, and the person's attention is entirely dedicated to the task or idea at hand. For example, someone might be absorbed in a book, a movie, a video game, a hobby, or a conversation. The phrase "absorbed in" can also be used to describe a feeling of being completely absorbed by an emotion, such as being absorbed in love or in grief.

37) Which one is the indefinite pronoun ?

1) myself
2) they
3) who
✔ 4) anybody

**ব্যাখ্যা :** যে Pronoun দ্বারা কোন ব্যক্তি বা বস্তুকে অনির্দিষ্টভাবে বুঝায় তাকে Indefinite Pronoun বলে। যেমন : Anyone, Somewhere, Anybody, Anyway ইত্যাদি।

38) A person who writes about his own life writes

✔ 1) A biography
2) An autobiography
3) A diary
4) A chornicle

**ব্যাখ্যা :** ব্যক্তির নিজ জীবন সম্পর্কিত লিখিত জীবনী কে বলে Autobiography আত্মজীবনী। অন্যদিকে biography অর্থ জীবনী যা অন্য ব্যক্তি কর্তৃক লিখিত, diary অর্থ দিনলিপি আর chronicle অর্থ কালানুক্রমিক ঘটনাপঞ্জী।

Hello BCS

39) A swimming snake bit him in the leg. Here 'swimming' is a

1) verbal noun
2) gerund
3) infinitive
✔ 4) participle

**ব্যাখ্যা :** Article এবং noun এর মাঝে verb +ing বসে noun কে modify করলে present participle হবে। বাক্যে swimming শব্দটি একসাথে adjective এর কাজ সম্পাদন করায় word টি participle।

40) What is the antonyn of 'famous' ?

✔ 1) obscure

2) extra ordinary
3) frugal
4) careful

**ব্যাখ্যা :** Famous – বিখ্যাত ;
obscure – অস্পষ্ট ;
extraordinary – অসাধারণ ;
frugal – মিতব্যয়ী ;
careful – সর্তক।

41) বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ, প্রস্থ এবং মাঝের লালবৃত্তের ব্যাসার্ধের অনুপাত যথাক্রমে -

✔ 1) ৫ :৩ :১
2) ৩ :১ :০.৫
3) ৪ :২ :১
4) ১০ :১২ :১

**ব্যাখ্যা :** চিত্রশিল্পী কামরুল হাসানের ডিজাইনকৃত বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য, প্রস্থ এবং মাঝের লাল বৃত্তের ব্যাসার্ধের অনুপাত যথাক্রমে ৫ :৩ :১ ।

42) সতীদাহ প্রথা বিলুপ্ত হয় কত সালে?

1) ১৮৩৯
✔ 2) ১৮২৯
3) ১৭২৯
4) ১৮৩০

**ব্যাখ্যা :** ইংরেজ গভর্নর লর্ড বেন্টিং ১৮২৯ সালে হিন্দু সমাজে প্রচলিত সতীদাহ বা সহমরণ প্রথা বিলুপ্ত ঘোষণা করেন।

43) বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান এর পদবি কী ছিল?

1) ক্যাপ্টেন
✔ 2) সিপাহী
3) ল্যান্স নায়েক
4) লেফটেন্যান্ট

**ব্যাখ্যা :** নাম ও পদবিঃ
নূর মোহাম্মদ শেখ - ল্যান্স নায়েক
মুন্সি আবদুর রউফ - ল্যান্স নায়েক
মহিউদ্দিন জাহাঙ্গীর - ক্যাপ্টেন
রুহুল আমিন - ইঞ্জিনরুম আর্টিফিসার

Hello BCS

মোহাম্মদ মোস্তফা কামাল - সিপাহী
মতিউর রহমান - ফ্লাইট লেফটেন্যান্ট
মোহাম্মদ হামিদুর রহমান - সিপাহী

44) বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি ?

1) নিঝুম দ্বীপ
2) সেন্টমার্টিন
✔ 3) মহেশখালী
4) ছেড়া দ্বীপ

**ব্যাখ্যা :** মহেশখালী বাংলাদেশের চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলার অন্তর্গত একটি উপজেলা। এই অঞ্চলটি কক্সবাজারের একটি বাটি অঞ্চল দ্বীপ রুপেও পরিবেশিত এবং এটি বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ। এটি মহেশখালী দ্বীপ নামেও পরিচিত

মহেশখালী উপজেলার আয়তন ৩৬২.১৮ বর্গ কিলোমিটার।[১]কক্সবাজার জেলার পশ্চিমাংশে ২১°২৮´ থেকে ২১°৪৬´ উত্তর অক্ষাংশ এবং ৯১°৫১´ থেকে ৯১°৫৯´ পূর্ব দ্রাঘিমাংশ জুড়ে মহেশখালী উপজেলার অবস্থান। কক্সবাজার জেলা সদর থেকে এ উপজেলার দূরত্ব প্রায় ১৫ কিলোমিটার। এ উপজেলার উত্তরে চকরিয়া উপজেলা, দক্ষিণে কক্সবাজার সদর উপজেলা ও বঙ্গোপসাগর, পূর্বে চকরিয়া উপজেলা ও কক্সবাজার সদর উপজেলা, পশ্চিমে কুতুবদিয়া উপজেলা ও বঙ্গোপসাগর।

45) পূর্ববঙ্গ জমিদারী দখল ও প্রজাস্বত্ব আইন পাস হয় -

1) ১৯৬১
2) ১৯৫২
✔ 3) ১৯৫০
4) ১৯৫১

**ব্যাখ্যা :** ১৭৯৩ সালে প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে সৃষ্ট জমিদারি প্রথার নিকট থেকে বাংলার কৃষকদের মুক্তির জন্য পূর্ববঙ্গ জমিদারি অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন পায় ১৯৫০ সালে।

46) বাংলাদেশের প্রথম স্যাটেলাইটের নাম কি?

1) বঙ্গবন্ধু স্যাটেলাইট
✔ 2) বঙ্গবন্ধু স্যাটেলাইট - ১
3) আকাশ স্যাটেলাইট -১
4) বাংলা স্যাটেলাইট -১

**ব্যাখ্যা :** ফ্রান্সের থ্যালেস অ্যালেনিয়া স্পেস কর্তৃক নির্মিত এবং যুক্তরাষ্ট্রের স্পেসএক্স কর্তৃক ১১ই মে ২০১৮ উৎক্ষেপিত বাংলাদেশের প্রথম স্যাটেলাইট 'বঙ্গবন্ধু স্যাটেলাইট - ১'।

Hello BCS

47) স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে চরমপত্র পাঠ করতেন -

1) সুনীল গঙ্গোপাধ্যায়
✔ 2) এম আর আখতার মুকুল
3) আব্দুল হান্নান
4) আব্দুল গাফফার চৌধুরী

**ব্যাখ্যা :** মুক্তিযুদ্ধ শুরু হওয়ার পরপরই বাংলাদেশের প্রবাসী সরকার কর্তৃক প্রতিষ্ঠিত হয় 'স্বাধীন বাংলা বেতারকেন্দ্র'। আর এখান থেকে 'চরমপত্র' পাঠ করতেন এম আর আখতার মুকুল।

48) বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট কে ছিলেন?

1) তাজউদ্দীন আহমেদ
2) এ এইচ এম কামারুজ্জামান
✔ 3) সৈয়দ নজরুল ইসলাম
4) ক্যাপ্টেন এম মনসুর আলী

**ব্যাখ্যা :** ১০ এপ্রিল ১৯৭১ এ গঠিত বাংলাদেশের প্রথম সরকার বা মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি ছিলেন সৈয়দ নজরুল ইসলাম।

49) জাহাজ নির্মাণ শিল্পে সর্বোপেক্ষা উন্নত দেশ কোনটি?

✔ 1) যুক্তরাজ্য
2) যুক্তরাষ্ট্র
3) বাংলাদেশ
4) রাশিয়া

**ব্যাখ্যা :** জাহাজ নির্মাণ শিল্পে সর্বাপেক্ষা উন্নত দেশ দক্ষিণ কোরিয়া। তবে এ প্রশ্নের অপশন গুলোর মধ্যে যুক্তরাজ্য সর্বাপেক্ষা উন্নত।

50) বিখ্যাত যুদ্ধক্ষেত্র ওয়াটার লু কোন দেশ অবস্থিত ?

1) ইংল্যান্ড
✔ 2) বেলজিয়াম
3) সুইডেন
4) ইতালি

**ব্যাখ্যা :** ১৮ জুন ১৮১৫ এ বেলজিয়ামের বিখ্যাত ওয়াটারলুর যুদ্ধে নেপোলিয়ন ডিউক অব ওয়েলিংটন এর নিকট পরাজিত হন।

51) এডমাস পিক - তীর্থস্থানটি কোথায়?

1) ইন্দোনেশিয়া

Hello BCS

✔ 2) শ্রীলঙ্কা
3) ভারত
4) ভিয়েতনাম

**ব্যাখ্যা :** এডমাস পিক তীর্থস্থানটি শ্রীলঙ্কায় অবস্থিত। ২২৪৩ মিটার উচ্চতা বিশিষ্ট এডমাস পিক পর্বত দেশটির অন্যতম তীর্থস্থান।

52) গ্রাউন্ড জিরো কোনটির সঙ্গে সম্পৃক্ত

1) ১/১১
✔ 2) ৯/১১
3) সুনামি
4) ব্ল্যাক সেপ্টেম্বর

**ব্যাখ্যা :** ১১ সেপ্টেম্বর ২০০১ এর হামলা ইংরেজীতে ৯/১১ নামে পরিচতি। ঐ দিন মঙ্গলবার সকালে যুক্তরাষ্ট্রের উপর আল কায়েদার একই সাথে চারটি সমন্বিত সন্ত্রাসী হামলা চালায়। টুইন টাওয়ারে বিমান হামলা পুরো বিশ্বকে পালটে দেয়া একটি ঘটনা। ধ্বংস হয়ে যাওয়ার পর সেই টুইন টাওয়ার জায়গাটার নাম এখন 'গ্রাউন্ড জিরো'

53) যদি কোনো জলীয় দ্রবন নীল লিটমাসকে লাল করে তাহলে সেটি -

1) ক্ষার
2) ক্ষারক
✔ 3) অম্ল
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** অম্ল বা এসিড নীল লিটমাসকে লাল করে। ক্ষার লাল লিটমাসকে নীল করে।

54) কোন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি -

✔ 1) লোহা
2) বাতাস
3) পানি
4) শূণ্যতায়

**ব্যাখ্যা :** কঠিন মাধ্যমে শব্দের গতি সবচেয়ে বেশি। এরপর যথাক্রমে তরল ও বায়বীয়। শূন্য মাধ্যমে শব্দের গতিবেগ ০ (শূন্য)। শূন্য মাধ্যমে শব্দ চলতে পারে না।

55) পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?

1) বুধ
✔ 2) শুক্র
3) বৃহস্পতি
4) মঙ্গল

Hello BCS

**ব্যাখ্যা :** পৃথিবীর নিকটতম গ্রহ হলো শুক্র। পৃথিবী থেকে এর দূরত্ব ৪.৩ কোটি কিলোমিটার। আর পৃথিবী থেকে মঙ্গলের দূরত্ব ৭.৮ কোটি কিলোমিটার। অপরদিকে সূর্যের নিকটতম গ্রহ হলো বুধ।

56) অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয় কোনটি?

✔ 1) হরমোন
2) লালা
3) পিত্তরস
4) পেপসিন

**ব্যাখ্যা :** অন্তঃক্ষরা গ্রন্থি থেকে নিঃসৃত হয় হরমোন বা প্রাণরস। মানবদেহে শারীরবৃত্তীয় কার্যাবলী সম্পন্ন ও নিয়ন্ত্রণে এরা অত্যাবশ্যকীয়। গুরুত্বপূর্ণ অন্তক্ষরা গ্রন্থির মধ্যে রয়েছে পিটুইটারি, হাইপোথ্যালামাস, থাইরয়েড, এড্রিনাল, থাইমাস ইত্যাদি।

57) URL - হলো -

✔ 1) ওয়েব এর বিভিন্ন ডকুমেন্ট ও অন্যান্য রিসোর্স এর ঠিকানা
2) কতগুলো নেটওয়ার্ক এর বিভিন্ন রিসোর্স এর ঠিকানা
3) শুধু একটি LAN এর বিভিন্ন রিসোর্স এর ঠিকানা
4) একটি নেটওয়ার্কের ডোমেইন

**ব্যাখ্যা :** পৃথিবীব্যাপী বিস্তৃত ওয়েব পেজ সমূহের সঠিক ঠিকানা হলো URL. এর পূর্ণরূপ Universal Resource Locator।

58) ইন্টারনেটের মাধ্যমে উন্নত চিকিৎসা পদ্ধতিকে কি বলে?

1) ইলেক্ট্রোমেডিসিন
2) ই - ট্রিটমেন্ট
✔ 3) টেলিমেডিসিন
4) জায়মা প্লাজমা

**ব্যাখ্যা :** তথ্য প্রযুক্তি ব্যবহার করে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে যে উন্নত চিকিৎসা সেবা দেয়া হয় তাকে টেলিমেডিসিন বলে।

59) $x^3$+1 এবং $x^2$-1 এর গ.সা.গু কত?

✔ 1) X+1
2) X-1
3) (X+1)( X-1) (X2-X+1)
4) X( X-1)

Hello BCS

**ব্যাখ্যা :** $x^3 + 1 = (x + 1)(x^2 - x + 1)$
$x^2 - 1 = (x + 1)(x - 1)$
∴ নির্ণেয় গ.সা.গু = $x + 1$

60) একটি রাস্তার পাশে এক সারিতে ১৫ টি গাছ লাগানো আছে। একটি গাছ থেকে আরেকটি গাছের দূরত্ব ১০ মিটার হলে প্রথম ও শেষ গাছে দুটি মধ্যে দূরত্ব কত ?

1) ১৫০
2) ১০৯
3) ১২০
✔ 4) ১৪০

**ব্যাখ্যা :** প্রথম ও শেষ গাছ দুটির মধ্যে দূরত্ব = (১৫ – ১) × ১০ = ১৪০ মিটার।

61) $a+1/a=3$ হলে $a^2+1/a^2$= কত?

1) 11
2) 13
✔ 3) 7
4) 9

**ব্যাখ্যা :** $a^2+1/a^2=(a+1/a)^2-2$
$=(3)^2-2$
$=9-2$
$=7$

62) একটি গাড়ি ঘন্টায় ৬০ কিলোমিটার বেগে চলে, ৩ মিনিট ৩০ সেকেন্ডে উহা কত কিলোমিটার দূরে যাবে?

1) ২১০
2) ২০
3) ৩
✔ 4) ৩.৫

**ব্যাখ্যা :** ৩ মিনিট ৩০ সেকেন্ড = ৩ × ৬০ + ৩০ = ২১০ সেকেন্ড
আবার, ১ ঘণ্টা = ৩৬০০ সেকেন্ড
গাড়ি ৩৬০০ সেকেন্ড যায় = ৬০ কিলোমিটার
গাড়ি ২১০ সেকেন্ড যায় = (৬০×২১০)/৩৬০০ কিলোমিটার
= ৩.৫ কিলোমিটার।

Hello BCS

63) পরীক্ষায় 'ক' এর প্রাপ্ত নম্বর যথাক্রমে ৭০,৮৫ ও ৭৫। চতুর্থ পরীক্ষায় তাকে কত নম্বর পেতে হবে যেন তার গড় প্রাপ্ত নম্বর ৮০ হয়?

1) ৭৮
2) ৮২
3) ৮৮
✔ 4) ৯০

**ব্যাখ্যা :** ধরি, চতুর্থ পরীক্ষায় x নম্বর পেলে তার গড় প্রাপ্ত নম্বর ৮০ হয়
প্রশ্নমতে,
৭০ + ৭৫ + ৮৫ + x = ৮০ × ৪
বা, ২৩০ + x = ৩২০
বা, x = ৯০

64) যদি x+1/x =5 হয় ,তবে $x/(x^2+x+1)$ এর মান কত?

✔ 1) 1/6
2) 1/4
3) 1/5
4) 1/7

**ব্যাখ্যা :**

$$x + \frac{1}{x} = 5$$
$$\Rightarrow x^2 + 1 = 5x$$
$$\therefore \frac{x}{x^2+x+1}$$
$$= \frac{x}{x^2+1+x}$$
$$= \frac{x}{5x+x}$$
$$= \frac{x}{6x}$$
$$= \frac{1}{6}$$

Hello BCS

65) শতকরা ১ টাকা হার সুদে ১ টাকার সুদ ১ টাকা হবে কত বছরে ?

1) ১০০০
2) ১
✔ 3) ১০০
4) ১০

**ব্যাখ্যা :** সময় = (সুদ×১০০)/(আসল×হার)
= (১×১০০)/(১×১) = ১০০ বছর

66) $x^4+x^2+1$ এর একটি উৎপাদক $x^2+x+1$ অপর উৎপাদকটি কত?

✔ 1) $x^2-x+1$
2) $x^2 +1$
3) x+1
4) $x^2+x+1$

**ব্যাখ্যা :** প্রদত্ত রাশিকে উৎপাদকে বিশ্লেষণ করে পাই, $X^4+X^2+1$
$= X^4+2X^2 - X^2+1$
$=(X^4 + 2X^2+1) -X^2$
$=\{(X^2)^2+2*X^2*1 + 12 \} - X^2$
$=(X^2+1)^2- X^2 =(X^2+1 +X) (X^2+1-X)$
$=(X^2+X+1) (X^2-X+1)$

67) ঢাকা থেকে রংপুরের দূরত্ব ৪৫ মাইল। হাসান ঘণ্টায় ৩ মাইল বেগে এবং শাহীন ঘণ্টায় ৪ মাইল বেগে হাটে। হাসান ঢাকা থেকে রওনা হওয়ার ১ ঘণ্টা পর শাহিন রংপুর থেকে রওনা হল। শাহিন কত মাইল হাঁটার পর হাসানের সাথে দেখা হবে?

✔ 1) ২৪
2) ২১
3) ২০
4) ২৩

**ব্যাখ্যা :** ধরি, শাহিন x ঘণ্টা হাঁটার পর হাসানের সাথে দেখা হয়।
হাসান হাটে x + ১ ঘণ্টা ।
প্রশ্নমতে, ৩ (x + ১) + ৪x = ৪৫
⇒ ৩x + ৩ + ৪x = ৪৫
⇒ ৭x = ৪২
∴ x = ৬
∴শাহিন ৬ ঘণ্টায় হাটে = ৪ × ৬ = ২৪ মাইল।
∴শাহিন ২৪ মাইল হাঁটার পর হাসানের সাতে দেখা হবে।

68) $(a-b),(a^2-ab),(a^2-b^2)$ এর ল.সা.গু নিচের কোনটি?

1) $a^2-b^2$
2) a(a-b)
3) (a-b)
✔ 4) $a(a^2-b^2)$

Hello BCS

**ব্যাখ্যা :** প্রথম রাশি a-b
দ্বিতীয় রাশি $a^2$ -ab = a(a-b)
তৃতীয় রাশি $a^2$-$b^2$ = (a+b) (a-b)
∴ নির্ণেয় ল.সা.গু = a (a+b)(a-b)
= a ($a^2$-$b^2$)

69) একটি চতুর্ভুজের চারটি বাহুর বিপরীত দুটি সমান্তরাল কিন্তু অসমান। একে বলে-

✔ 1) ট্রাপিজিয়াম
2) আয়তক্ষেত্র
3) সামান্তরিক
4) বর্গক্ষেত্র

**ব্যাখ্যা :** ট্রাপিজিয়াম হলো এমন একটি চতুর্ভুজ, যার দুটি বাহু সমান্তরাল এবং অপর দুটি বাহু অসমান্তরাল। ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুটি সর্বদা অসমান, সমান হয়ে গেলে তা সামান্তরিকে পরিণত হয়।

70) আব্দুল্লাহ প্রতি ডজন কলা ২১ টাকা দরে ১৫ ডজন এবং ১৪ টাকা দরে ২০ ডজন ক্রয় করে। প্রতি ডজন কলা কী দামে বিক্রয় করলে গড়ে তার ডজন প্রতি ৫ টাকা লাভ হবে?

✔ 1) ২২ টাকা দরে
2) ২০ টাকা দরে
3) ১৮ টাকা দরে
4) ১৫ টাকা দরে

**ব্যাখ্যা :** ১৫+২২ = ৩৫ ডজন করার ক্রয়মূল্য
= (২১×১৫)+১৪×২০ টাকা
=৫৯৫ টাকা
∴ ১ ডজন কলা ক্রয়মূল্য = ৫৯৫/৩৫ টাকা
= ১৭ টাকা
∴ প্রতি ডজন কলার বিক্রয়মূল্য = ১৭+৫ = ২১ টাকা

71) একটি ভগ্নাংশের লব ও হরের পার্থক্য 1 এবং সমষ্টি 7 ভগ্নাংশটি কত ?

1) 1/6
✔ 2) 4/3
3) 2/5
4) 3/4

**ব্যাখ্যা :** মনে করি, লব = x, হর = y
প্রশ্নমতে, x - y = 1 - - - - - - - (i)
এবং x + y = 7 - - - - - - - (ii)
সমীকরণ (ii) হতে, y = 7 - x - - - - - (iii)

Hello BCS

y এর মান (i) নং সমীকরণ এ বসিয়ে পাই,
x - (7 - x) = 1
or, x - 7 + x = 1
or, 2x = 1 + 7
or, x = 8/2
or x = 4
এখন x এর মান (iii) সমীকরণ এ বসিয়ে পাই,
y = 7 - 4
or, y = 3
সুতরাং লব x = 4 এবং হর y = 3
লব/হর = 4/3

72) নিচের কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

1) ১/৩
2) ৩/৬
3) ২/৭
✔ 4) ৫/২১

**ব্যাখ্যা :** 1/3=0.33
3/6=0.5
2/7=0.29
5/21=0.24

73) কোন স্থানে যত লোক আছে তত ৫ পয়সা জমা করায় মোট ৩১.২৫ টাকা জমা হল। ঐ স্থানে কত লোক ছিল?

1) ১২৫
2) কোনটিই নয়
✔ 3) ২৫
4) ৫৫

**ব্যাখ্যা :** মনেকরি, মোট লোক সংখ্যা = ক
১ জনে চাঁদা দেয় = ০.০৫ক টাকা
ক জনে চাঁদাদেয় = ০.০৫ক2 টাকা
প্রশ্নমতে, ০.০৫ক2 = ৩১.২৫
বা, ক2 = ৩১.২৫ ÷ ০.০৫
বা, ক2 = ৬২৫
∴ ক = ২৫
সুতারাং মোট লোক সংখ্যা ২৫ জন

Hello BCS

74) ৯০ ডিগ্রি কোণের সম্পুরক কোণ কত ডিগ্রি ?

1) ১৮০
2) ২৭০
3) ০
✔ 4) ৯০

**ব্যাখ্যা :** দুটি কোণের সমষ্টি ১৮০° হলে কোণদ্বয়কে পরস্পরের সম্পূরক কোণ বলা হয়। সুতরাং, ৯০° কোণের সম্পূরক কোণ হচ্ছে ১৮০° - ৯০° = ৯০°।

75) ত্রিভুজের তিন বাহুর উপর অঙ্কিত বর্গ ক্ষেত্র সমূহ কয়টি সমকোণ তৈরি করে ?

1) 8
✔ 2) 12
3) 9
4) 16

**ব্যাখ্যা :** ত্রিভুজের তিন বাহুর উপর তিনটি বগ অঙ্কন করা যায়।
১টি বর্গক্ষেত্রে সমকোণ থাকে ৪টি।
৩টি বর্গক্ষেত্রে সমকোণ, (৪ X ৩) = ১২টি।

Hello BCS

76) কোন সংখ্যার দ্বিগুনের সাথে 3 যোগ করলে যোগফল সংখ্যাটি অপেক্ষা 7 বেশি হয়। সংখ্যাটি নির্ণয় করুন।

1) 3
2) 5
✔ 3) 4
4) 6

**ব্যাখ্যা :** ধরি, সংখ্যাটি x
প্রশ্নমতে, $2x + 3 = x + 7$
$\Rightarrow x = 4$

77) একজন ব্যাটসম্যান প্রথম তিনটি T-20 খেলায় ৮২, ৮৫ ও ৯২ রান করেন। চতুর্থ খেলায় কত রান করলে তার গড় রান ৮৭ হবে?

1) ৮৬
2) ৮৭
3) ৮৮
✔ 4) ৮৯

**ব্যাখ্যা :** মনে করি, চতুর্থ খেলায় 'ক' রান করতে হবে।
প্রশ্নমতে,
(৮২ + ৮৫ + ৯২ + ক)/৪ = ৮৭

বা, ২৫৯ + ক = ৩৪৮
বা, ক = ৮৯
উত্তরঃ ৮৯ রান

78) আগামীকালের তিনদিন পর যেদিন আসবে তার শনিবার গতকালের পূর্বের দিনটি কি ছিল?

✔ 1) বৃহস্পতিবার
2) বুধবার
3) শনিবার
4) সোমবার

**ব্যাখ্যা :** এখানে গতকাল হল সোমবার। গতকালের দুদিন পূর্বের দিনটি ছিল শনিবার।

79) বাংলাদেশের কোন নদী প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হিসাবে পরিচিত?

✔ 1) হালদা
2) যমুনা
3) সুরমা
4) মেঘনা

**ব্যাখ্যা :** বাংলাদেশের দক্ষিণ - পূর্বের বাদনাতলী পাহাড় থেকে উৎপত্তি লাভ করা হালদা নদী বাংলাদেশের একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হিসেবে পরিচিত।

80) ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের মধ্যে কোন প্রণালির অবস্থান?

1) পক
✔ 2) জিব্রাল্টার
3) হরমুজ
4) বসফরাস

**ব্যাখ্যা :** ভূমধ্যসাগর ও আটলান্টিক মহাসাগরের উত্তর অংশকে যুক্ত করেছে জিব্রাল্টার প্রণালী। বঁসফরাস প্রণালী কৃষ্ণসাগরের সাথে মর্মর সাগর কে, হরমুজ প্রণালী পারস্য উপসাগরের সাথে ওমান সাগর কে আর পক প্রণালী বঙ্গোপসাগরকে ও পক উপসাগরকে যুক্ত করেছে।

Hello BCS